মুজিবনগরে কৃষক সমাবেশে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, শেখ হাসিনা সরকার কৃষিবান্ধব সরকার। যখন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সরকার ক্ষমতায় থাকে তখন কৃষকদের দুশ্চিন্তা দূর হয়ে যায়, আকাশ থেকে কালো মেঘ দূর হয়ে যায়, কৃষকরা স্বস্তি পায় কারণ তারা জানে তারা সার পাবে তেল পাবে উন্নত মানের বীজ পাবে। তিনি মাঠের পরে মাঠ রাস্তা করে দিয়েছেন। তিনি জানেন কৃষক ভালো থাকলে দেশের মানুষ ভালো থাকবে দেশ ভালো থাকবে।

আজ আমরা সেই দুর্বিসহ দিনের কথা ভুলে গেছি।২০০৮ সালের আগে দেশে সারের যে অব্যবস্থাপনা ছিলো। কৃষকরা ঠিক মত সার পাচ্ছিলেন না, ৬০ টাকা কেজি ইউরিয়া সার কিনেছেন। এমওপি পাওয়া যাচ্ছিলো না। ৯০ টাকা কেজি দরে এমওপি কিনতে হতো।

২০০৮ সালের ২৯ ডিসেম্বরের নির্বাচনের মধ্যে দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান বাংলাদেশ কৃষিতে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্রে পরিণত হয়েছে। আওয়ামী লীগ সরকার কৃষি বান্ধব সরকার।আজ সারা বাংলাদেশে পরিবর্তন ঘটে গেছে।

২০০১ থেকে ২০০৬ সালে বিঘাপ্রতি থেকে ৭ মনের বেশি ধান পাওয়া যেতনা। আজকে উন্নত মাধ্যমে ৩০ মন পর্যন্ত ধান পাওয়া যাচ্ছে। আজ গ্রাম শহরে পরিণত হয়েছে। গ্রামে বসেই মানুষ শহরের সকল সুবিধা পাচ্ছে। যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের কারণে কৃষি ফসল মাঠ থেকে ট্রাকে করে দেশের বিভিন্ন স্থানে পাঠানো যায়। এর ফলে কৃষিতে ব্যাপক বিপ্লব ঘটেছে। দেশে আইনশৃঙ্খলার উন্নয়ন কারণে কৃষকের মাঠে পড়ে থাকা কৃষি যন্ত্রপাতি নিরাপদে থাকে।

রবিবার বিকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটোরিয়ামে মুজিবনগর কৃষকলীগ এর আয়োজনে কৃষক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর এক আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

কৃষক সমাবেশে মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীবের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিকের সঞ্চালনায় সমাবেশর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ১

আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন। কৃষক সমাবেশের উদ্বোধক ছিলেন, বাংলাদেশ কৃষক লীগের সহ-সভাপতি ও মেহেরপুর জেলা কৃষক লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহবুব উল আলম শান্তি। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এড: আব্দুস সালাম, বাংলাদেশ কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু, বাংলাদেশ কৃষক লীগের কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক কৃষিবিদ আশরাফুল ইসলাম স্বপন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, কৃষক সমাবেশে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্নসম্পাদক এড: ইব্রাহিম শাহীন, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমান হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন।

কৃষক সমাবেশে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ, স্বেচ্ছাসেবক লীগ যুব মহিলা লীগ, ছাত্রলীগ সহ উপজেলা কৃষক লীগ এবং ইউনিয়ন ও ওয়ার্ড কৃষক লীগের নেতা কর্মীবৃন্দ উপস্হিত ছিলেন।

মুজিবনগরে রাস্তায় মাটি ফেলে জন দুর্ভোগ সৃষ্টি

গত বৃহস্পতিবার রাতে হঠাৎ বৃষ্টিতে মুজিবনগর মেহেরপুর মহাসড়কে ইটভাটায় মাটি পরিবহনের সময় রাস্তায় পড়ে থাকা মাটি পিচ্ছিল হয়ে বিপদজনক হয়ে ওঠে। সৃষ্টি হয় জনদুর্ভোগের। সংবাদ পেয়ে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস তড়িৎ পদক্ষেপে গ্রহন করে অভিযান পরিচালনা করেন।

এ সময় তিনি ভাটার মালিকদের দিয়ে রাস্তা পানি দিয়ে ধুয়ে পরিস্কার করে নেন। সেই সাথে ভবিষ্যতে রাস্তায় মাটি ফেলে দুর্ভোগ সৃষ্টি করলে তাদের বিরুদ্ধে আইনআনুগ ব্যাবস্থা গ্রহন করা হবে বলে সতর্ক

করেন।

এ সময় উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন এবং মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন

মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী প্রদান আলোচনা সভা, দেওয়াল লিখন, পুরস্কার বিতরণ, কেককাটা, সাংস্কৃতিক অনুষ্ঠান, দোয়া মাহফিল এর আয়োজন করে মুজিবনগর উপজেলা প্রশাসন।

দিবসটি পালন উপলক্ষে গতকাল শুক্রবার সকাল ৯ টার সময় প্রথমে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে মুজিবনগর মুক্তিযুদ্ধু স্মৃতি কমপ্লেক্স এ বঙ্গন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল নেতৃত্বে মুজিবনগর পুলিশ প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগ মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে।

বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান এর নেতৃত্বে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, মিরাজুল ইসলামের উপজেলা আনসার ব্যাটালিয়ন, টুরিস্ট পুলিশ,সভাপতি তকলিমা খাতুন ও সম্পাদক তহমিনা খাতুনের নেতৃত্বে উপজেলা যুবমহিলা লীগ, সেচ্ছাসেবকলীগ এর সহসভাপতি মতিউর রহমান এর নেতৃত্বে সেচ্ছাসেবকলীগ, সভাপতি জাহিদ হাসান রাজিব ও সম্পাদক শাহিনুর রহমান মানিক এর নেতৃত্ব উপজেলা কৃষকলীগ সহ

বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতি সংগঠন বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন।
এ সময় মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন, উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, যুবনেতা হাসানুজ্জামান লালটু উপস্থিত ছিলেন।

শ্রদ্ধা নিবেদন শেষে জাতির পিতা বঙ্গবন্ধুর আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

পরে সকাল সাড়ে দশটার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা, পুরষ্কার বিতরণ ও জাতির জনক এর জন্মদিনের কেক কাটা হয় এবং সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে আওয়ামী লীগের কার্যালয় দখল পেলো নতুন কমিটি

মেহেরপুরের মুজিবনগর মুক্তিযুদ্ধের স্মৃতিগাথা ও ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ উপজেলা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এর নামে নামাঙ্কিত এই উপজেলায় আওয়ামী লীগের রাজনীতিও গুরুত্বের দাবি রাখে। তবে বেশ কিছুদিন ধরে উপজেলা আওয়ামী লীগের রাজনীতিতে বিভাজন চলে আসছে।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের নতুন সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের সাবেক শিক্ষক আবুল কালাম আজাদ। পূর্বের কমিটিতে সভাপতি হিসেবে দীর্ঘদিন দায়িত্বে ছিলেন জিয়াউদ্দিন বিশ্বাস যার হাত ধরে মুজিবনগরে আওয়ামী লীগ প্রতিষ্ঠা লাভ করে এবং বর্তমানে তিনি মুজিবনগর উপজেলা পরিষদ

চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন।

অপরদিকে সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্বে ছিলেন মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু । তবে সম্মেলনের পূর্বকালীন কমিটির সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলুর সাথে সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাসের কোন্দল ছিল প্রকাশ্যে । অফিসের দুটি কক্ষ দুজনের নামে থাকলেও সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু ওই অফিস ব্যবহার করতেন না । নিজের প্রভাব নিয়ে সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস অফিস ব্যবহার করতেন। নতুন কমিটি দায়িত্বে আসার প্রায় এক বছর হতে চললো। বর্তমান কমিটির সভাপতির নির্দেশে অফিস দুটিতে তালা খুলে পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে গত ১৪ মার্চ।

এ বিষয়ে জিয়াউদ্দিন বিশ্বাস অভিযোগের তীর ছুড়েছেন বর্তমান সভাপতির বিরুদ্ধে। তিনি বলেন, অফিস দুটি সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক দুজনের নামে বরাদ্দ নেওয়া। কিভাবে তারা অফিসে প্রবেশ করে।

এ বিষয়ে বর্তমান সভাপতি রফিকুল ইসলাম তোতার কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, এ বিষয়টি সম্পূর্ণ মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেট কমিটির সিদ্ধান্ত। বর্তমান উপজেলা আওয়ামী লীগের কমিটির সাথে হাই স্কুল মার্কেট কমিটির নতুন চুক্তির বলে এই অফিসে প্রবেশ করা হয়েছে।

মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেট কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাসের কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন. বরাদ্দকৃত দুটি কক্ষ যাদেরকে বরাদ্দ দেয়া হয়েছিল তারা চুক্তির সমস্ত শর্ত ভঙ্গ করেছে। কয়েক মাসের বিল ও ভাড়া বকেয়া রয়েছে। তাই মার্কেট কমিটির সিদ্ধান্তেই নতুনভাবে ভাড়ার চুক্তি দেওয়া হয়েছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে।

মুজিবনগরে মহিলা উদ্যোক্তাদের নিয়ে উঠান বৈঠক

‘শেখ হাসিনার বারতা,নারী-পুরুষ সমতা’ শ্লোগানে মুজিবনগরে অনলাইন প্লাটফর্ম জুমে উদ্যোক্তাদের নিয়ে বিশেষ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় সভাপতি করেন তথ্য আপা কামরুন নাহার। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোঃ হারিসুল আবেদ, উপজেলা শিক্ষা কর্মকর্তা মোঃ আলাউদ্দিন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কাউসার আলী। এই উঠান বৈঠকে মুজিবনগর উপজেলার বিভিন্ন শ্রেণী পেশার প্রায় ২০০ জন মহিলা অংশগ্রহণ করেন।
তথ্য আপা কামরুন নাহার বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (দ্বিতীয় পর্যায়) শীর্ষক এই প্রকল্পটি গ্রামীণ সুবিধা বঞ্চিত নারীর দৈনন্দিন সমস্যা সমাধানের কাজ করছে বলে জানান মুজিবনগর উপজেলা তথ্য সেবা কর্মকর্তা কামরুন নাহার।

মুজিবনগরে সুদ কারবারীর বাড়িতে পুলিশের অভিযান, স্ট্যাম্প ও ব্যাংক চেক উদ্ধার

মেহেরপুরের মুজিবনগরে সুদের ব্যবসা ও প্রতারণার অভিযোগে একটি বাড়িতে ঘণ্টাব্যাপি অভিযান চালিয়েছে পুলিশের একটি দল। এ সময় বাড়ির মালিক সুদ কারবারী দিবাস্তিন মন্ডল (৪৮) কে আটক করা হয়। আটককৃত দিবাস্তিন মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের বল্লভপুর গ্রামের মৃত খোকন মন্ডলের ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে দিবাস্তিন মন্ডল একজন প্রতারক। সে বিভিন্ন এলাকার গরীব ও অসহায় লোকজনকে লোভের ফাঁদে ফেলে চেক ও

স্ট্যাম্প নিয়ে সুদের কারবার করছে এবং পরবর্তীতে উক্ত চেক এবং স্ট্যাম্পে ইচ্ছামত টাকার অংক বসিয়ে প্রতারণা করে থাকে। এমনকি মোটর সাইকেলও জমা রাখে। পরবর্তীতে প্রতারণার মাধ্যমে অধিক টাকা আদায় করে।এমন গোপন খবর পেয়ে

শনিবার রাত ৮টা থেকে ঘণ্টাব্যাপি মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল এর নেতৃত্ব পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাকে আটক করে। এ সময় আটককৃত সিবাস্তিনের বাড়ি তল্লাশি চালিয়ে ৪৪ টি নং জুডিশিয়াল স্ট্যাম্প,২৭ পিচ (ব্লাঙ্ক) ব্যাংক চেক এবং ৩টি মোটরসাইকেল জব্দ করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদি রাসেল জানান,দিবাস্তিন মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রামের মানুষকে স্ট্যাম্প ও সাদা ব্যাংক চেকে স্বাক্ষর করিয়ে নিয়ে চড়া সুদে টাকা ধার (হাওলাত) দিয়ে আসছিল। কেউ টাকা পরিশোধ করতে না পারলে,তাদের স্বর্ণের গহনা ও মোটরসাইকেলসহ অন্যান্য মালামাল উঠিয়ে নিয়ে আসতো। দিবাস্তিনের এর বাড়িতে স্ট্যাম্প ও চেকসহ অন্যের কাছ থেকে জোরপূর্বক উঠিয়ে নিয়ে আসা মালামাল রয়েছে এমন গোপন সংবাদ পায়। শনিবার সন্ধ্যারাতে তার বাড়িতে অভিযান চালিয়ে এসব মালামাল জব্দসহ দিবাস্তিন কে থানা হেফাজতে নেয়া হয়েছে। তার নামে মামলা দিয়ে রবিবার কোর্ট প্রেরণ করা হয়েছে।

শীঘ্রই আসছে জিরো থেকে হিরো আলিশান বাড়ির মালিক সুদ কারবারি দিবাস্তিনের আমলনামা।

মুজিবনগরে এম এ এস ইমনের গণসংযোগ

মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ও কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য এম এ এস ইমন বিভিন্ন গ্রামে গণসংযোগ ও সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করেছেন।

গতকাল শনিবার বিকালে মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রামে তিনি নেতাকর্মীদের সঙ্গে নিয়ে এ গণসংযোগ করেন।

গনসংযোগকালে এম এ ইস ইমন বলেন, আমরা আওয়ামী লীগ সরকারের উন্নয়ন সম্বলিত বুকলেট বিতরণ করছি। বুকলেটটি দেখে সাধারণ মানুষ যাতে বর্তমান সরকারের উন্নয়ন দেখে ভোট দিয়ে আবারও শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারকে ক্ষমতায় নিয়ে আসে।

তিনি বলেন, শেখ হাসিনা মানে উন্নয়ন, সেই উন্নয়নের ক্ষেত্রে শেখ হাসিনার কোন বিকল্প নেই। আওয়ামী লীগ সরকার যেন আবার ক্ষমতায় আসতে পারে এ লক্ষ্যে আমরা আবার মাঠে নেমেছি। এর আগে যেমন করে আমরা প্রত্যেকটি বাড়িতে বাড়িতে গিয়েছি, আওয়ামী লীগের উন্নয়নের কথা বলেছি, শেখ হাসিনার উন্নয়নের কথা বলেছি, আমরা একইভাবে আবার মানুষের কাছে যাচ্ছি, আওয়ামী লীগের উন্নয়নের কথা বলছি।

গণসংযোগকালে মেহেরপুর শহর আওয়ামী লীগের সহসভাপতি বেলাল হোসেন, ২ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ফরিদ আহমেদ, জেলা যুবলীগের সদস্য সাজ্জাদ হোসেন, জেলা স্বেচ্ছা সেবক লীগ সম্মেলন প্রস্তুত কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান চন্দন, শরিফ রেজা পান্না, রবিউল ইসলাম, যুবলীগ নেতা ফারুক হোসেন, আতিক রহমান স্বপন, সানা উল্লাহ, ছাত্রনেতা ইব্রাহিম আলীসহ দলীয় নেতাকর্মীরা অংশ নেন।

মুজিবনগরে বৃত্তিপ্রাপ্তদের সংবর্ধনা ও ল্যাপটপ বিতরণ

মুজিবনগরে বৃত্তিপ্রাপ্ত ৪৭ শিক্ষার্থীকে সংবর্ধনা ও ১৪ টি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ বিতরণ করা হয়েছে। শনিবার (১১ মার্চ) বিকালে মুজিবনগর অডিটোরিয়ামে সংবর্ধনা ও ল্যাপটপ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সাংসদ ফরহাদ হোসেন।

এ সময় ট্যালেন্টপুলে ২২ ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত ২৫ জন শিক্ষার্থীকে ক্রেস্ট ও মেডেল এবং প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে ল্যাপটপ তুলে দেন প্রতিমন্ত্রী। এছাড়াও বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্ব অর্জনকারী ৪ জন শিক্ষককে পুরুষ্কার দেওয়া হয়।

বৃত্তিপ্রাপ্তদের সংবর্ধনা ও ল্যাপটপ বিতরণ অনুষ্ঠানে, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলম, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন, পুরুন্দরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিনা খাতুন।

মুজিবনগরে গুডনেইবারর্স কর্তৃক আন্তর্জাতিক নারী দিবস পালন

“ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেন্ডার বৈষম্য করবে নিরসন” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরের মুজিবনগরে ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, বৃহস্পতিবার বিকেলে অফিস চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়ে অফিস চত্তরে নারী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতিত্বে গুডনেইবারস এর ইয়ুথ অ্যাসিস্ট্যান্ট লিডার কবিতা

খাতুনের সঞ্চালনায়, আন্তর্জাতিক নারী দিবসের তাৎপর্য, নারীর ক্ষমতায়নে গুড নেইবারস বাংলাদেশে এর ভূমিকা,নারীর প্রতি সহিংসতা ও নির্যাতন প্রতিরোধে করনীয়, নারীর ক্ষমতায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পদক্ষেপ,এ বিষয় নিয়ে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, বাগোয়ান ইউনিয়ন ৬নং ওয়ার্ড সদস্য এবং সিডিসি সহসভাপতি বাবুল মল্লিক, সিনিয়র প্রোগ্রাম অফিসার এস.এম.রিফাত আল-মাহমুদ, গুডনেইবারর্স এর এসএস সাপোর্টার সজীব হোসেন, গুডনেইবারর্স এর মেডিকেল অফিসার ড. শুভ কুমার মজুমদার, সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির সহ সভাপতি আঞ্জুমান আরা।

আন্তর্জাতিক নারী দিবস উদযাপনে উপজেলার বিভিন্ন গ্রামের ১২০ জন নারী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে অংশগ্রহণকারী নারীরা তাদের অনুভুতি প্রকাশ করেন এবং উম্মুক্ত আলোচনা (প্রশ্ন ও উত্তর পর্ব) অংশগ্রহণ করেন।পরিশেষে সভাপতির সমাপনী বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানে সমাপ্তি হয়।

মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেন্ডার বৈষম্য করবে নিরসন” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরের মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মুুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের আয়োজনে, বুধবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলা চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়ে উপজেলা অডিটরিয়ামে নারী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। উপস্থিত ছিলেন

মুজিবনগর থানার এস আই উত্তম কুমার, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শেখ শফিউদ্দিন, সাংগঠনিক সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান (শের খান)। আইজিএ প্রকল্পের ট্রেড প্রশিক্ষক আছিয়া খাতুন এর সঞ্চালনায় উপস্থিত ছিলেন, মহিলা বিষয়ক কার্যালয়ের কর্মকর্তা- কর্মচারী ও প্রশিক্ষনার্থী বৃন্দ।